তারিখ 09 APRIL, 1992
পৃষ্ঠা 7 কলাম 1

আজকের কাগজ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২ জন ছাত্রনেতার হত্যাকান্ডে ২ জন গ্রেফতার

**কাগজ প্রতিবেদক :** গত শুক্রবার ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের পৃথক ২টি দল পৃথক ২টি স্থানে অভিযান চালিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২ জন ছাত্রনেতা হত্যার অভিযোগে বিশ্ববিদ্যালয়ের ১ জন ছাত্রসহ ২ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত ছাত্রটি হচ্ছে বঙ্গবন্ধু হলের আবাসিক ছাত্র আলতাফ হোসেন ও অন্য যুবকটি হচ্ছে সাইফুল ইসলাম ওরফে পটু।

গ্রেফতারকৃত আলতাফ ও সাইফুল ইসলামের বিরুদ্ধে যথাক্রমে ছাত্রনেতা মাহবুব ও মিজান হত্যার রমনা থানায় পৃথক পৃথক ২টি মামলা রয়েছে। মামলা দায়ের হবার পর থেকেই তারা আত্মগোপন করেছিলো। এছাড়া তাদের বিরুদ্ধে স্থানীয় চাঁদা আদায় ও বিভিন্ন সন্ত্রাসীমূলক অপরাধের অভিযোগ রয়েছে।

গতকাল ভোরে গোয়েন্দা পুলিশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলে অভিযান চালিয়ে আলতাফ হোসেনকে গ্রেফতার করেছে। গত জুন '৯০-তে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতা মাহবুব ক্যাম্পাসে গুলিবিদ্ধ হয়ে নিহত হয়। আলতাফ উক্ত হত্যাকান্ডের একজন মামলাভুক্ত পলাতক আসামী।

পুলিশ জানায়, গ্রেফতারকৃত আসামী আলতাফ বঙ্গবন্ধুর হলের আবাসিক ছাত্র হলেও সে তার অস্ত্রধারী সঙ্গীদের নিয়ে জোরপূর্বক জহুরুল হক হলে অবস্থান করে সন্ত্রাসী কাজে লিপ্ত ছিলো। সে বিভিন্ন সময়ে সন্ত্রাসীদের নিয়ে ক্যাম্পাসে অস্ত্রের মহড়া দান ও চাঁদা আদায়সহ বিভিন্ন অপরাধে জড়িত ছিলো। তার সন্ত্রাসী কাজের ভয়ে সাধারণ ছাত্ররা সর্বদা ভীত হয়ে থাকত।

অন্য দলটি গতকাল সকাল ৮টায় নিউ মার্কেট এলাকা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতা মিজান হত্যার অভিযোগে সাইফুল ইসলাম পটুকে গ্রেফতার করেছে। গত ২৭ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে বন্দুক যুদ্ধে গুলিবিদ্ধ হয়ে মিজান নিহত হয়। সাইফুল উক্ত হত্যাকান্ডের একজন মামলাভুক্ত পলাতক আসামী।